দৈনিক বাংলা

তারিখ ... 20 DEC 1991 ..
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৬ ...

৬

# নতুন মেডিক্যাল কলেজ

সরকার দেশে আরো চারটি নতুন মেডিক্যাল কলেজ প্রতিষ্ঠাকরবেন বলে সম্প্রতি ঘোষণা করেছেন। এটা ভালো কথা। আরো মেডিক্যাল কলেজ হলে, আমাদের ডাক্তারের সংখ্যা আরো বাড়বে। তাতে দেশের জনগণের যে বিপুল অংশ সুচিকিৎসা পায় না তারা তা পাবে বলে আশা করা যায়। কিন্তু কথা হলো দেশে বর্তমানে চালু ৮টি কলেজ থেকে প্রতি বছর যে ১২শ' জন ডাক্তার বেরিয়ে আসছে তারাই তো এখনো বেকার আছেন। এবং বর্তমানে বেকার ডাক্তারের সংখ্যা দাঁড়িয়েছে ৩/৪ হাজার। তা হলে নবপ্রতিষ্ঠিত আরো চারটি কলেজ থেকে প্রতি বছর অন্তত আরো যে ৬শ' ডাক্তার পাস করে বেরোবে তারা ডাক্তারের বেকারত্ব আরো প্রকট করে তুলবেনা? যদি দেশে ডাক্তারের চাহিদার কথা মনে রেখেই আরো মেডিক্যাল কলেজ প্রতিষ্ঠার প্রয়োজন বোধ করেন তাহলে ঐ বেকার ডাক্তারদের নিয়োগ করলেই তো সে প্রয়োজন পূরণ হতে পারে। আর যদি সরকার মনে করেন সংশ্লিষ্ট এলাকাসমূহের জনগণের সুচিকিৎসার স্বার্থেই উক্ত হাসপাতাল দরকার তবে মেডিক্যাল কলেজ কেন—এসব এলাকার জেলা হাসপাতালগুলোকে পর্যাপ্ত শয্যা ও বিশেষজ্ঞ ডাক্তার সমন্বয়ে সমৃদ্ধ ও সম্প্রসারিত করলেই তো সমস্যার সমাধান হয়। একটা মেডিক্যাল কলেজ প্রতিষ্ঠা ও তা পরিচালনায় কোটি কোটি টাকার দরকার। দেশের অর্থনীতির বর্তমান অবস্থায় এই বিপুল অংকের টাকার বোঝা এবং এই সঙ্গে বেকার ডাক্তারের বোঝার উপর শাঁকের আটি চাপানোর অযৌক্তিক পথে পদক্ষেপ না নিয়ে বরং ঐ হাসপাতাল উন্নয়ন ও সম্প্রসারণের ব্যবস্থা করলেই কি ভালো হয় না? বিষয়টি ভেবে দেখার জন্য আমরা গণতান্ত্রিক সরকারকে অনুরোধ জানাচ্ছি।

—সাইফুল ইসলাম
সমাজ বিজ্ঞান বিভাগ
রাজশাহীবিশ্ববিদ্যালয়

56